যুগান্তর

তারিখ ..12. MAY. 2016.......
পৃষ্ঠা ...৭...৬.. কলাম.... ৩ ......

# ইউসেপের সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের ৯৯ ভাগই জিপিএ-৫

যুগান্তর রিপোর্ট

কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় বেসরকারি উন্নয়ন সংস্থা ইউসেপের স্কুলগুলোতে সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের ৯৯ শতাংশই জিপিএ-৫ পেয়েছে। ইউসেফ কর্তৃপক্ষ জানিয়েছেন, স্কুলগুলোতে শিক্ষার্থীদের পাসের হার ৯৯.৬৭ শতাংশ। এর মধ্যে জিপিএ-৫ পাওয়া পরীক্ষার্থীদের হার ৯৯ শতাংশ। এ বছর শতভাগ পাস করা ইউসেফ মিরপুর টেকনিক্যাল স্কুল ও ইউসেফ এ কে খান কালুরঘাট টেকনিক্যাল স্কুলের শিক্ষার্থীরা সবাই জিপিএ-৫ পেয়েছে। এছাড়া ইউসেফ মহসিন খুলনা টেকনিক্যাল স্কুল শতভাগ পাসসহ ৯৬.৫৬ শতাংশ জিপিএ-৫ পেয়েছে। ইউসেফ রাজশাহী টেকনিক্যাল স্কুলে পাসের হার ৯৮.২৮ শতাংশ। এখানে জিপিএ-৫ পেয়েছে ৯৬.৫৬ শতাংশ।